



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ



তারিখঃ ০৫/০৯/২০২২ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি
ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ০৫ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত বিকাশ অ্যাপের মাধ্যমে ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৬ অক্টোবর ২০২২ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

আবেদনের যোগ্যতা ও শর্তাবলী :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষ স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, সম্মানিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণের এবং বিকাশ অ্যাপসের মাধ্যমে ফি পরিশোধের নিয়মাবলী :


- ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন সংক্রান্ত কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে।
- আবেদনকারী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions অথবা www.nu.ac.bd এ প্রবেশ করে যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে সাবমিটপূর্বক ডাউনলোড করে নিতে হবে।
- পূরণকৃত আবেদন ফরম এবং পেইজ/ফি জমাদানের ম্যাসেজের প্রিন্ট কপি পূরণকৃত আবেদন ফরমের সাথে আগামী ০৫/০৯/২০২২ হতে ২২/০৯/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
- ভর্তির আবেদন ফরম পূরণ সংক্রান্ত যেকোনো নোটিশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd কলেজের ওয়েবসাইট www.gdc.gov.bd/কলেজের পেইজবুক পেইজ <https://www.facebook.com/gurudayalgovtcollege1943> এ পাওয়া যাবে।
- ওয়েব সাইট হতে Online এ আবেদন ফরম পূরণ করলে ২৪ ঘণ্টার পর বিকাশ অ্যাপসের মাধ্যমে পরীক্ষা ফি প্রদান করা যাবে।
- আবেদন ফরম পূরণের উল্লিখিত টাকা বিকাশ অ্যাপসের মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধ করতে হবে।

**ফি পরিশোধ প্রক্রিয়া নিম্নরূপ:

- ধাপ ১ : Bkash App এ Login করতে হবে।
- ধাপ ২ : বিকাশ See More/আরোতে ক্লিক করতে হবে।
- ধাপ ৩ : Education Fee (শিক্ষা প্রতিষ্ঠান) সিলেক্ট করতে হবে।
- ধাপ ৪ : Gurudayal Government College সিলেক্ট করতে হবে।
- ধাপ ৫ : স্টুডেন্ট আইডি দিতে হবে (আবেদনকারী আবেদন ফরমের সাত ডিজিটের এডমিশন রোল)
- ধাপ ৬ : পরবর্তী ধাপসমূহ যথাযথ সম্পন্ন করুন।

আবেদন ফরম পূরণ সংক্রান্ত সতর্কতা :

- নির্ধারিত বিকাশ Pay Bill ব্যতীত অন্য কোনভাবে পরীক্ষার আবেদন ফরমের ফি পরিশোধ করা যাবে না।
- ফি পরিশোধ সংক্রান্ত ম্যাসেজ সংরক্ষণ করতে হবে।


(প্রফেসর মোঃ জামালুর রহমান)
অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ